R. N. No. 2532/57

Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টার্টার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৭শ বর্ষ
৪৫শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২রা বৈশাখ বুধবার, ১৩৮৮ সাল
১৫ই এপ্রিল, ১৯৮১ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## কলেজ গভরনিং বডি অচল করে দেওয়ার চেষ্টা হচ্ছে

জঙ্গিপুর, ১৫ এপ্রিল—নির্বাচিত শিক্ষক প্রতিনিধিদের গণতান্ত্রিক অধিকার খর্ব করার উদ্দেশ্যে একটি স্বার্থান্বেষী চক্র জঙ্গিপুর কলেজের সচল গভরনিং বডিকে অচল করে দেওয়ার চেষ্টায় লিপ্ত হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। ওয়াকিবহাল মহল থেকে জানানো হয়েছে, আগের গভরনিং বডিতে সরকারী প্রতিনিধি, একজন অভিভাবক প্রতিনিধি, অধ্যক্ষ এবং নির্বাচিত দু'জন শিক্ষক প্রতিনিধি থাকতেন। বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হওয়ার পর সেই নিয়ম বাতিল করে সরকারী প্রতিনিধি, অধ্যক্ষ, একজন ছাত্র প্রতিনিধি, একজন অশিক্ষক কর্মচারী প্রতিনিধি এবং তিনজন শিক্ষক প্রতিনিধিকে নিয়ে গভরনিং বডি তৈরীর নিয়ম প্রবর্তন করা হয়। ছাত্র সংসদের সাধারণ সম্পাদক পদাধিকার বলে গভরনিং বডির সদস্য হন, অশিক্ষক কর্মচারীরা নির্বাচিত একজন প্রতিনিধি পাঠান এবং নির্বাচনের মাধ্যমে শিক্ষক প্রতিনিধিরা আসেন। এই নিয়মে ১৯৭৯ সালের এপ্রিল মাসে জঙ্গিপুর কলেজ গভরনিং বডির শিক্ষক প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠিত হয়। প্রিসাইডিং অফিসার হন অধ্যক্ষ। ভোট গণনার পর একজন পরাজিত প্রার্থী অধ্যক্ষের ভোট দানের বিরুদ্ধে আপত্তি তোলেন। অধ্যক্ষ আপত্তি নাকচ করে দিয়ে নির্বাচনের ফলাফল ঘোষণা করেন। এর এক সপ্তাহ পরে আর একজন শিক্ষক ভোটার তালিকা সম্পর্কে আপত্তি জানান। কিন্তু যেহেতু ভোটার তালিকা প্রকাশের পর আপত্তি জানানোর নির্দিষ্ট সময়ে আপত্তি জানানো হয়নি সেই হেতু সেই আপত্তিও নাকচ হয়ে

( ৫ম পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## পুরনির্বাচন তোড়জোড় মনোনয়নপত্র দাখিল

নিজস্ব সংবাদদাতা, ১৫ এপ্রিল প্রার্থী-দের মনোনয়নপত্র দাখিলের মাধ্যমে আজ পুরনির্বাচনের ঢাকে কাঠি পড়েছে। মনোনয়নপত্র দাখিলের আজ ছিল শেষ দিন। নাম প্রত্যা-হারের শেষ দিন ২৫ এপ্রিল। কাজেই প্রকৃত অবস্থা বুঝতে হলে আরো দশ দিন সময় লাগবে।

আজ ধুলিয়ান ও জঙ্গিপুর পুরসভায় ৮৫ জন করে মোট ১৭০ জন প্রার্থী তাঁদের মনোনয়নপত্র দাখিল করেছেন।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## জনসংযোগ বিচ্ছিন্ন, অফিসার উধাও

বিশেষ সংবাদদাতা : জঙ্গিপুরের তথ্য আধিকারিক এম.এ, এল এল-বি ডিগ্রীধারী সুভাষকান্তি চক্রবর্তী ১৯৮০ সালের ২৭ ডিসেম্বর অফিসে যোগ দিয়েই নিপাত্তা হওয়ায় স্থানীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরে শুরু হয়েছে ডামাডোলের রাজত্ব। আটজন কর্মীর অধিকাংশরই কোন কাজ নেই। একমাত্র জিপ গাড়িটি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হওয়ার পর কয়েক হাজার টাকা গচ্চা দিয়ে মেরামতির পরও চলাচলের অযোগ্য বিবেচনায় গ্যারেজবন্দী। সিনেমা প্রজেকটর মেসিনটি 'আন্ডার ট্রিটমেন্টে' থেকে দু'বছর পর শুক্রবার অফিসে এসে পৌঁচেছে। প্রদর্শনী, উৎসব-অনুষ্ঠানের আয়োজন এমন কি স্থানীয় ক্ষেত্রে সরকারী পর্যায়ে প্রেস নোট প্রচারও বন্ধ হয়ে গিয়েছে। একমাত্র 'তথ্য কেন্দ্র' ( রিডিং রুম ) চলেছে খুঁড়িয়ে খুঁড়িয়ে। সেখানে পাঠকদের স্বাচ্ছন্দ্য নেই। নেই আলো, জল ও বাথরুমের ব্যবস্থা। সরকারী খাতে ভাড়া করা ঘরগুলি

( ৫ম পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## স্কুল কামাই এর ফল

সাগরদীঘি, ১৫ এপ্রিল—ভুরকুণ্ডা প্রাথমিক বিদ্যালয়ের তিনজন শিক্ষক ঠিকমত স্কুলে যা'ন না—এই অভিযোগে অভিভাবকরা একেবারে খাপ্পা হয়ে গেছেন বলে খবর পাওয়া গিয়েছে। জানানো হয়েছে, অভিভাবকরা শিক্ষক-দের স্কুল কামাই এর ফলে ক্ষেপে গিয়ে কয়েকদিন আগে স্কুলে গিয়ে তাঁদের স্কুল কামাই সম্পর্কে জিজ্ঞাসাবাদ শুরু করেন। কিন্তু শিক্ষকরা সঙ্গত কারণ দেখাতে না পারায় কয়েকজন অভি-ভাবক নাকি গলাধাক্কা দিয়ে তাঁদের স্কুল থেকে বের করে দেন। প্রসঙ্গতঃ জানানো হয়েছে, গত বছর একই অভিযোগে অভিভাবকরা স্কুলে

( ৫ম পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## রেশম ছুট বাড়বে

নিজস্ব সংবাদদাতা : জানুয়ারী মাস থেকে রেশম শিল্পীদের বুনকর ছুট বা ওয়েভিং ওয়েসটেজ ছয় শতাংশ থেকে কমিয়ে দুই শতাংশ করা হয়েছিল, তা আবার বাড়তে পারে। ১১ এপ্রিল মিয়াঝাপুর রেশম বয়ন শিল্পী সমবায় সমিতি লিমিটেডে এসে রাজ্যের খাদি কমিশনের ডিরেকটার শ্রীধর বন্দ্যা-পাধ্যায় এই আশ্বাস দেন। তিনি জানান, এই উদ্দেশ্যে রিভিউ কমিটি গঠন করা হয়েছে। ২৫ এপ্রিল মালদায় কমিটির মিটিং এর পর বুনকর ছুট বেড়ে পনের থেকে কুড়ি শতাংশ হতে পারে। এদিকে জানুয়ারী মাস থেকে বুনকর ছুট হ্রাসের প্রতিবাদে মিয়ারাপুর ও মিরজাপুরে রেশম শিল্পীদের তিন সপ্তাহের ধর্মঘটে প্রায় সোয়া এক লাখ টাকার উৎপাদন ব্যাহত হয়। পরে ডিরেকটরের মৌখিক আদেশে আগের ছুট বহাল রাখলে শিল্পীরা ধর্মঘট প্রত্যাহার করে নেন। এপ্রিল মাস থেকে তাঁরা আবার ধর্মঘটের সামিল হন। এই পরিস্থিতিতে ডিরেকটার এখানে আসেন বলে জানানো হয়।

## জনস্বার্থবিরোধী কার্যকলাপের প্রতিবাদে

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের জনস্বার্থবিরোধী অর্থ-নৈতিক নীতি ও স্বৈরাচারী কার্যকলাপের প্রতিবাদে, বামফ্রন্ট সরকারবিরোধী চক্রান্ত এবং বিচ্ছেদকামী শক্তির ঘৃণ্য তৎপরতা পর্যুদস্ত করে রাজ্য সরকারের সংশোধন ও সংযোজনসহ দ্বিতীয় পে-কমিশনের সুপারিশ দ্রুত কার্যকর করার প্রশ্নে পশ্চিমবঙ্গ রাজ্য কো-অরডিনেশন কমিটির ডাকে ৭—৯ এপ্রিল জঙ্গিপুর মহকুমা শহর রঘুনাথগঞ্জে জয়েন্ট কাউনসিল অব হেলথ, যুক্ত কমিটি ইত্যাদি কর্মচারী সংগঠনের রাজ্যব্যাপী যৌথ আন্দোলনের কর্মসূচী পালন করা হয়েছে। ৭ ও ৮ এপ্রিল প্রতিটি অফিসে স্কোয়াড ও গেটমিটিং করা হয়। ৯ এপ্রিল স্থানীয় সদরঘাটখানা মাঠে হরেন্দ্রনাথ সিং এর পৌরোহিত্যে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় ভারতের সার্বিক অবস্থার পর্যালোচনা এবং রাজ্য

( ৫ম পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দাদাঠাকুর রচনা সম্ভার

দাদাঠাকুর জন্মশতবর্ষ পূর্তি উপলক্ষে দাদাঠাকুর রচনা সম্ভার প্রকাশের পথে। প্রথম খণ্ড জুন মাসে প্রকাশিত হইতেছে। অগ্রিম দশ টাকা পাঠাইয়া গ্রাহক তালিকাভুক্ত হইবার ঠিকানা:

অনুত্তম পণ্ডিত
C/o. পণ্ডিত প্রেস
পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

National Thermal Power Corporation Ltd.
( A Govt. of India Enterprise )
Farakka Super Thermal Power Project

# TENDER NOTICE

Sealed tenders are invited from experienced and resourceful Contractors for the following works. Tender documents can be had in person after showing the registration and credentials at the address given below, on payment of cost of tender paper for each work from 6-4-81 to 24-4-81 from 9-00 Hrs. to 11-00 Hrs. and 15-00 Hrs. to 16-30 Hrs. and will be received latest by 25-4-81 upto 10-00 Hrs. and will be opened on the same date at 10-30 Hrs. in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of the work | Approx. value of works (in Lakhs) | Earnest Money/ Cost of Tender Documents ( Rs. ) | Completion period |
|---|---|---|---|---|
| 1. | Construction & maintenance of Storm water disposal system at Ty. Township site of F. S. T. P. P. Tender Notice No. FS : 42 : CS : 89/T-12/81. | 1.11 | 2,220.00/50.00 | One year |
| 2. | Fencing around Quarters and Parks at Ty. Township of F. S. T. P. P. Tender Notice No. FS : 42 : CS : 86/T-13/81. | 0.82 | 1,640.00/25.00 | Four Months |
| 3. | Supply and Erection of MS structural steel Gates for Farakka S. T. P. P. Tender Notice No. FS : 42 : CS : 328.1/T-14/81. | 0.24 | 480.00/25.00 | Four Months |
| 4. | Construction of Brick Gabions for Farakka S. T. P. P. Tender Notice No. FS : 42 : CS : 332/T-15/81. | 0.35 | 700.00/25.00 | Four Months |

## TERMS & CONDITIONS

1. Proof of registration, Tax Clearance certificate, credentials are to be shown at the time of obtaining forms and should be submitted along with the tenders.
2. Interested parties are advised to visit the site to familarise with the site conditions.
3. General conditions of contract can be seen in the office on any working day during working hours.
4. Tender received late and/or without Earnest Money will not be entertained. Adjustment of Earnest Money against running account Bill is not acceptable and Earnest Money to be submitted in any of the acceptable forms as mentioned in the tender papers, alongwith the tender at the time of submission. Tenderers registered with any other project of N. T. P. C. are not exempted from deposition of EMD.

Senior Engineer ( Contracts )
Farakka Super Thermal Power Project
P.O. Farakka, Dist. Murshidabad (W.B.) Pin : 742 212

## অফিসার উধাও

( ১ম পৃষ্ঠার পর )

অফিসারের ব্যবহারে দীর্ঘদিন ধরে তালা বন্ধ। এসব অনিয়মের কথা তথ্য কেন্দ্রের সুপারিশ বইতে স্পষ্টভাবে লিখে দিয়েছেন পাঠকেরা। কিন্তু যাকে উদ্দেশ্য করে লেখা তিনি দীর্ঘ চার মাস ধরে উধাও হয়ে থাকায় একটি সুপারিশও কার্য্যকরী হয়নি এ পর্যন্ত।

তথ্য অফিসে ডামাডোলের সূচনা হয়েছে পূর্বতন অফিসার-পুঙ্গবের আমল থেকেই। তিনি গেছেন। কিন্তু ঘুণধরা দপ্তরটি আর নড়েচড়ে বসেনি। বর্তমানে এই দপ্তরটির অবস্থা আরো সঙ্গীন। সাংবাদিকরা দপ্তরে গিয়ে বার বার ঘুরে এসেছেন অফিসারকে না পেয়ে। খবর নিয়ে জানা গেছে সুভাসবাবু মাস পয়লা তাঁর দপ্তরে আসেন মাইনার বিলে সই করতে এবং মাসোহারা পকেটস্থ করতে। প্রথম দিকে পে-বিলে সই নিতে তথ্য দপ্তরের এক কর্মী গিয়েছিলেন বারাসতে অফিসারের বাড়িতে সরকারী টি এ বিল দেখিয়ে। ব্যাপারটা জেলা তথ্য দপ্তরে জানাজানি হওয়ায় বিপাকে পড়ে পরে ম্যানেজ করে নেন এই 'অকর্মক' অফিসারটি। খবরে প্রকাশ, এই দপ্তরে এ পর্যন্ত যে সমস্ত টি এ বিল দেখানো হয়েছে তা সন্দেহজনক। অকেজো প্রজেকটর মেসিনটি সারানো হয়েছে কি না জানতে অন্ততঃ ছ'বার কলকাতা যাতায়াতে টি এ বিল করা হয়েছে। এই সব টি এ বিলে সম্মতি দিয়েছেন অফিসার যা রীতিমত রহস্য-জনক। শুধু তাই নয় অফিসের তথ্য-কেন্দ্রের জন্য বরাদ্দ টাকাও গত বছর ফিরে গেছে কর্মচারী ও অফিসারের খামখেয়ালীপনায়।

বামফ্রন্ট সরকার তথ্য ও সংস্কৃতি দপ্তরকে যখন গণমুখী করার চেষ্টা চালাচ্ছেন ঠিক তখনই জঙ্গিপুরের তথ্য দপ্তরটি পরিণত হয়েছে 'জন-বিচ্ছিন্ন দপ্তরে।' কর্মী আছে, মেশি-নারীও আছে নেই শুধু কাজ করার মানসিকতা। ফলে বামফ্রন্ট সরকারের আমলে জঙ্গিপুরে এ পর্যন্ত তথ্য দপ্তরের প্রচেষ্টায় কোন উৎসব-অনুষ্ঠান সম্পন্ন করা যায়নি। স্থানীয় নাগরিকরা এ ব্যাপারে মুর্শিদাবাদ জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরে জানিয়েও তাঁদের 'ভাতঘুম' ভাঙ্গাতে ব্যর্থ হয়েছেন বলে অভিযোগ।

## কার্যকলাপের প্রতিবাদে

( ১ম পৃষ্ঠার পর )

সরকারী কর্মচারীদের ওপর কেন্দ্রীয় সরকারের দমন-পীড়ন নীতির সমালোচনা করা হয়। এ ছাড়াও পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক পরিবেশ বিনষ্ট করার চেষ্টার প্রতিবাদ জানানো হয়। বক্তব্য রাখেন কো-অরডিনেশন কমিটির জঙ্গিপুর মহকুমা সম্পাদক বলরাম দাস প্রমুখ।

## খেলার খবর

( ২য় পৃষ্ঠার পর )

এ্যাথলেটিক ক্লাব ছেলেদের বিভাগে ৩৫ পয়েন্ট ও মেয়েদের বিভাগে ১৭ পয়েন্ট পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছে। মহিলাদের খো খো এবং পুরুষদের কাবাডি প্রতিযোগিতায় অগ্নিফৌজ ক্লাব এবং নবভারত স্পোর্টিং ক্লাব বিজয়ী হয়।

মুর্শিদাবাদের জেলা শাসক কস্তুরী গুপ্তা মেনন সর্বভারতীয় পর্যায়ে কৃতি খেলোয়াড় হিসেবে মিরজাপুর নব-ভারত স্পোর্টিং ক্লাবের তিন এ্যাথলিট ঝরনা দাস, রীতা দাস ও কৃষ্ণা দাসকে ৫ এপ্রিল পুরস্কৃত করেন।

## স্কুল কামাই এর ফল

( ১ম পৃষ্ঠার পর )

প্রাইমারী স্কুলে তালা লাগিয়ে দিয়ে-ছিলেন। শিক্ষকরা যখন স্কুল যেতেন ছাত্ররা নাকি চারিদিক থেকে তাঁদের লক্ষ্য করে ঢিল ছুঁড়তো। মীমাংসা করতে গিয়ে একটি শিক্ষক সমিতির সভাপতি ও সম্পাদক নাকি গ্রাম-বাসীদের হাতে নির্যাতিত হয়েছিলেন। ধুলিয়ান থেকে আমাদের সংবাদদাতা লিখেছেন, ধুলিয়ান চক্রের অধীন শীতেশচন্দ্রপুর ( হিমলতলা ) প্রাঃ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ওয়াহাব আলির বিরুদ্ধে গ্রামবাসীরা ক্রমাগত স্কুল ফাঁকি ও নানাবিধ দুর্নীতির অভিযোগ উপস্থিত করেছেন। বিদ্যালয়টিতে ছেলেমেয়েদের লেখা-পড়া বলতে কিছু হয় না। জাতি গড়ার মূল ভিত্তি যে প্রাথমিক শিক্ষা তা আজ বিপর্য্যস্ত। উক্ত প্রধান শিক্ষক শিক্ষাদান অপেক্ষা সংকীর্ণ রাজনীতির কাজে সব সময় ব্যস্ত থাকেন বলে অভিযোগ। অভিভাবকরা কিছু বল্লে তাঁদের সাথে নাকি অভদ্র আচরণ করা হয়। বিদ্যালয়ে নিয়মশৃঙ্খলা বলেও কিছু নাই। এমনিতেই সরকার প্রদত্ত পাঠ্য পুস্তক ৫।৬ মাস না হলে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## কলেজ গভরনিং বডি

( ১ম পৃষ্ঠার পর )

যায়। তখন ওই চক্র নির্বাচনের বৈধতার প্রশ্নে স্বাক্ষর সংগ্রহ করে নির্বাচন বাতিল করার সুপারিশ জানিয়ে ডি পি আই এবং সরকারী প্রতিনিধির ( গভরনিং বডির সভাপতি) কাছে আবেদন করেন। ডি পি আই এর পক্ষে অন্য একদল অফিসারের সই করা একটি অরডারে নির্বাচন বাতিল করে নতুন করে নির্বাচনের অনুরোধ জানানো হয়। চিঠিতে অধ্যক্ষকে লেখা হয় "... ...That the election of teachers representatives to the Governing Body of the College has not been according to rules.

I am, therefore, to request you to hold a fresh election of the teachers representatives on the Governing Body of the College strictly in accordance with the rules/orders of Govt." কিন্তু কোন্ রুল বা আইন অমান্য করা হয়েছে এবং কোন্ নিয়মে পুনঃ নির্বাচন হবে সে সম্পর্কে ডি পি আই এর কাছে বিস্তারিত জানতে চেয়েও অধ্যক্ষ নাকি কোন উত্তর পাননি। তখন নির্বাচিত শিক্ষক প্রতিনিধিরা তাঁদের গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়া হচ্ছে বলে ডি পি আই এর ওই আদেশের বিরুদ্ধে আদালতের নিষেধাজ্ঞা প্রার্থনা করে আবেদন করলে জঙ্গিপুর প্রথম মুনসেফি আদালত তাঁদের অনুকূলে ওই অরডারের বিরুদ্ধে নিষেধাজ্ঞা জারি করেন। পরাজিত প্রার্থীরা ওই নিষেধাজ্ঞা খারিজের আবেদন জানালে আদালত পরিষ্কার জানিয়ে দেন ডি পি আই এর অরডার বৈধ না অবৈধ নিরূপণ না হওয়া পর্যন্ত নিষেধাজ্ঞা বহাল থাকবে। ডি পি আই এর পক্ষে স্বাক্ষরকারী অফিসারকে এখনও সনাক্ত করা সম্ভব হয়নি এবং এ ধরনের অরডার দেওয়ার জন্য আদালত কঠোর মন্তব্য করেছেন বলে জানানো হয়েছে।

এই অবস্থায় গভরনিং বডির কোন সভা হতে দেওয়া হচ্ছে না বলে অভিযোগ করা হয়েছে। জানানো হয়েছে, অধ্যক্ষ গভরনিং বডিকে সচল রাখার উদ্দেশ্যে দু'বার মিটিং ডাকেন। কিন্তু দু'বারই ছাত্র ও অশিক্ষক কর্মচারীসহ এক তৃতীয়াংশ প্রতিনিধির অনুপস্থিতির ফলে সভা হতে পারেনি। জনান্তিকে জানানো হয়েছে, নিষেধাজ্ঞা জারি করা হয়েছে গভরনিং বডিকে অচল করার জন্য নয়, সচল রাখার জন্য। কিন্তু স্বার্থান্বেষী চক্র অপ-প্রচারের মাধ্যমে বডিকে অচল করে দেওয়ার চেষ্টায় লিপ্ত হয়েছেন।

## TENDER NOTICE

ABRIDGED LIST OF WORK

Sealed tenders are invited in W. B. F. No. 2908 from Class-I contractors of I. & W. Deptt. and bonafide outside contractors for works on the right bank of river Ganga, detailed below, by the Executive Engineer, Ganga Anti Erosion Division, P. O. Raghunathganj, Dt. Murshidabad, Estimated cost, Earnest money are :
1) Supply of boulders at Dhulian reach.
Rs 10,00,004/- Rs. 20,000/-
Details regarding time allowed, tender documents and other particulars may be had from the above office upto 4-00 P. M. in working days, Saturdays upto 1-00 P. M. Last date of application for purchasing tender form is 28.4.81 upto 1-00 P. M. Last date for receipt of tender form 30. 4. 81 upto 3-00 P. M.

Executive Engineer
Ganga Anti Erosion
Division.

## পুরনির্বাচন তোড়জোড়

( ১ম পৃষ্ঠার পর )

জঙ্গিপুর পুরসভার ১৫টি ওয়ারডে প্রার্থীদের দলগত অবস্থাঃ কংগ্রেস ( আই ) ১৫, সি পি এম ১০, আর এস পি ৫, সি পি আই ১, কংগ্রেস (ইউ) ২, ফঃ বঃ ১ এবং নির্দল ৫১ জন। ধুলিয়ান পুরসভার ১৪টি ওয়ারডে প্রার্থীদের দলগত অবস্থাঃ কংগ্রেস ( আই ) ১৪, সি পি এম ১১, আর এস পি ২, সি পি আই ১ জন। এ ছাড়াও আছেন মুসলিম লীগ, জনতা ( বি জে পি ) এবং নির্দল প্রার্থীরা। তাঁদের সংখ্যা মোট ৫৭ জন। ২৫ এপ্রিলের পর লড়াকুদের সঠিক অবস্থা জানা যাবে।


রঘুনাথগঞ্জ ১নং ব্লক ছাত্র পরিষদ (ই) কমিটির আহ্বায়ক সিদ্ধার্থকৃষ্ণ নাথ জানিয়েছেন, পুর নির্বাচনকে সামনে রেখে জঙ্গিপুর পুরসভার ১ থেকে ১০ নং ওয়ারডে কংগ্রেস (ই) ওয়ারড কমিটি গঠনের পর কমিটিগুলির সদস্যদের নিয়ে জঙ্গিপুর টাউন কংগ্রেস (ই) কমিটি গঠন করা হয়েছে। সভাপতি ও সাধারণ সম্পাদক মনোনীত হয়েছেন পার্বতীপ্রসাদ রায় ও আবদুল কাদের।

## স্কুল কামাই এর ফল

( ৫ম পৃষ্ঠার পর )

ছাত্র-ছাত্রীদের নিকট পৌঁছায় না। তাও আবার কালোবাজারে বিক্রি হয়ে যাচ্ছে। শিশুদের দুপুরের টিফিন অখাদ্য পাউরুটি দেওয়া হয়। সেটাও নিয়মিত দেয়া হয় না বলে শোনা যাচ্ছে। প্রতিবাদ করেও কোন প্রতিকার হচ্ছে না।

সকলের প্রিয় এবং বাজারের সেরা
ভারত বেকারীর স্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা * মুশিদাবাদ




## বিজ্ঞপ্তি

এতদ্দারা সর্বসাধারণকে জানান যাচ্ছে যে, মুর্শিদাবাদ জেলায় পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার মত ভোটার তালিকা নূতন করে তৈরীর জন্য বাড়ী বাড়ী গিয়ে গণনার কাজ ১-৪-৮১ তারিখ হতে আরম্ভ হয়েছে। ১-১-৮১ তারিখে যাঁরা ভোটাধিকার অর্জন করেছেন অর্থাৎ ঐ তারিখে যাঁদের বয়স ২১ বৎসর হয়েছে তাঁদের নাম গণনাকারীরা লিপিবদ্ধ করছেন।

নিম্নলিখিত কর্মসূচী অনুযায়ী নূতন করে ভোটার তালিকা তৈরীর কাজ চলবে।

বাড়ী বাড়ী গিয়ে গণনার কাজ চলবে ১-৪-৮১ তারিখ থেকে ৩০-৬-৮১ পর্য্যন্ত।

খসড়া ভোটার তালিকা সম্বন্ধে আপত্তি বা দাবী জানাবার শেষ তারিখ ১৪-৯-৮১।

চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ৩১-১২-৮১।

খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ১৪-৮-৮১।

( জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর মুর্শিদাবাদ )

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে
অরুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত